

আজবিকাশ Tuesday 9 June 2009

# আজবিকাশ

## এক বছরে মানিস্কোয়ার



শ্রীমতী কুমল চক্রবর্তী

শ্রেয়সী পাল | আই জে এস

আগামী ১৫ জুন এক বছরে পা দিতে চলেছে কলকাতার বিখ্যাত শপিং মল মানিস্কোয়ার। বছর পূর্তি উপলক্ষে আগামী ১০ জুন থেকে শুরু হচ্ছে বিভিন্ন অনুষ্ঠান। চলবে ৩০ জুন পর্যন্ত। প্রথম বছরের জন্মদিনে মানিস্কোয়ার দিচ্ছে নানা রকমের অফার। ১২১ টাকায় একজনের জন্য এবং ৫২১ টাকায় চারজনের জন্য রয়েছে লাঞ্চ, ডিনার ও আইম্যাক্সের টিকিট। শুধু তাই নয়, এক-একদিন রয়েছে এক এক রকমের মজার অনুষ্ঠান যেমন-টিশার্ট পেইন্টিং কম্পিটিশন, ভিজু ইভনিং, সালসা নাচ, বিহু, ভাঙড়া, রাজস্থানী লোকনৃত্য, অগ্নিমিত্রা পলের ওয়ার্কশপ, গিফট কর্ণার, মেহেন্দি স্টল ইত্যাদি। এর সঙ্গে বাচ্চাদের জন্য রয়েছে হরেক রকমের খেলার আয়োজন। আপনার জন্মদিন যদি ১৫ জুন হয়, তাহলে আপনি আপনার জন্মদিনটি সেলিব্রেট করতে পারেন মানিস্কোয়ারেই। এর জন্য আপনাকে আপনাকে আনতে হবে বার্থ সার্টিফিকেট ও আইডেনটিটি কার্ড। আগামী ১৪ জুন সন্ধ্যাবেলা জন্মদিন উপলক্ষে কেক কাটার আয়োজন করা হয়েছে শপিং মলে। তাই আপনিও চাইলে অংশগ্রহণ করতে পারেন মানিস্কোয়ারের বার্থ-ডে পার্টিতে।